

🔳 वाल-মুমিनुन | Al-Mu'minun | ٱلْمُؤْمِنُون

আয়াতঃ ২৩:৩৫

আরবি মূল আয়াত:

اَيعِدُكُم اَنَّكُم إِذَا مِتُّم وَ كُنتُم تُرَابًا قَ عِظَامًا اَنَّكُم مُّخرَجُونَ ﴿٣٥﴾

🗚 অনুবাদসমূহ:

'সে কি তোমাদের ওয়াদা দেয় যে, তোমরা যখন মারা যাবে এবং তোমরা মাটি ও হাড়ে পরিণত হয়ে যাবে। তোমাদেরকে অবশ্যই বের করা হবে?' — আল-বায়ান

সে কি তোমাদের সঙ্গে এই ওয়া'দা করে যে, যখন তোমরা মরে যাবে আর মাটি ও হাডিডতে পরিণত হবে তখন তোমাদেরকে আবার জীবিত করা হবে। — তাইসিরুল

সে কি তোমাদেরকে এই প্রতিশ্রুতিই দেয় যে, তোমাদের মৃত্যু হলে এবং তোমরা মাটি ও অস্থিতে পরিণত হলেও তোমাদেরকে পুনরুখিত করা হবে? — মুজিবুর রহমান

Does he promise you that when you have died and become dust and bones that you will be brought forth [once more]? — Sahih International

৩৫. সে কি তোমাদেরকে এ প্রতিশ্রুতিই দেয় যে, তোমাদের মৃত্যু হলে এবং তোমরা মাটি ও অস্থিতে পরিণত হলেও তোমাদেরকে বের করা হবে?

তাফসীরে জাকারিয়া

(৩৫) সে কি তোমাদেরকে এই প্রতিশ্রুতিই দেয় যে, তোমাদের মৃত্যু হলে এবং তোমরা মৃত্তিকা ও অস্থিতে পরিণত হলেও তোমাদেরকে পুনরুখিত করা হবে?

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=2708

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন